



## বিচার দাবির মিছিলে পুলিশের আগ্রাসী আচরণের কারণ কী: আজহারী



মিজানুর রহমান আজহারী। ছবি: সংগৃহীত

হাদি হত্যাকাণ্ডের তদন্ত জাতিসংঘের অধীনে করে দোষীদের বিচার দাবিতে রাজধানীর আন্দোলন ঘিরে পুলিশের সঙ্গে সংঘর্ষের পর পরিস্থিতি আবারও উত্তপ্ত হয়ে উঠেছে। যমুনা অভিমুখে অগ্রসর হওয়ার সময় জলকামান ও টিয়ারগ্যাস ব্যবহারে অন্তত ৩১ জন আহত হন।

শনিবার (৭ ফেব্রুয়ারি) ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া বক্তব্যে জনপ্রিয় ইসলামী আলোচক মাওলানা মিজানুর রহমান আজহারী বলেন, ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায় ছাত্রছাত্রীদের ওপর পুলিশ অপ্রয়োজনীয়ভাবে কঠোর বল প্রয়োগ করছে। তাঁর মতে, চাইলে কম শক্তি ব্যবহার করেই জনতাকে ছত্রভঙ্গ করা যেত, অতীতে এমন উদাহরণও রয়েছে। প্রশ্ন রেখে তিনি বলেন, হঠাৎ এমন আগ্রাসী মনোভাব কেন দেখা গেল?

তিনি বলেন, বিচার দাবিতে আসা শিক্ষার্থীদের এভাবে সহিংসতার মুখে পড়া অত্যন্ত দুঃখজনক ও লজ্জার। দায়িত্ব পালনের সময় যে কোনো বাহিনীর সদস্যদের আরও সংযত, পেশাদার ও মানবিক থাকা উচিত।

ইনকিলাব মঞ্চের সমাবেশে পুলিশের মারমুখী আচরণ ও অতিরিক্ত বল প্রয়োগেরও নিন্দা জানান তিনি।